

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

নং-৪৬.৪২.০০০০.০০০.৯৯.০৬৩.১৭.৪২৬

তারিখঃ ১১ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ  
২৩ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: যশোর জেলা পরিষদের কার্যক্রম পরিচালনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, যশোর জেলা পরিষদের চেয়ারম্যান শাহ হাদীউজ্জামান গত ২০/০২/২০১৭ তারিখে ইস্তেকাল করায় “জেলা পরিষদ আইন ২০০০” এর ১১(২) ধারা অনুযায়ী স্থানীয় সরকার বিভাগের ২৩/০২/২০১৭ তারিখের ৪২৫ নং প্রজ্ঞাপনে যশোর জেলা পরিষদের চেয়ারম্যান এর পদটি শূন্য ঘোষণা করে প্রজ্ঞাপন জারী করা হয়েছে।

০২। এমতাবস্থায়, যশোর জেলা পরিষদের চেয়ারম্যানের পদ শূন্য হওয়ায় জেলা পরিষদের কর্মক্রম পরিচালনার লক্ষ্যে পরিষদের সভা আহবানের জন্য অনুরোধ করা হলো। উক্ত সভায় নির্বাচিত সদস্যগণের মধ্যে আলোচনা ও ঐক্যমত্যের ভিত্তিতে একজন সভাপতি নির্বাচন করে সভা পরিচালনা করতে হবে। সভায় “জেলা পরিষদ আইন ২০০০” এর ১৩ ধারা অনুযায়ী সদস্যগণের মধ্যে হতে অন্ততঃ একজন মহিলাসহ তিনজন সদস্য সমন্বয়ে অস্থায়ী চেয়ারম্যানের একটি প্যানেল নির্বাচন করতে হবে। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উক্ত প্যানেল চেয়ারম্যান পরিষদের কার্যক্রম পরিচালনা করবেন।

  
(জুবাইদী নাইমিন)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

ই-মেইল : [lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, যশোর।

অনুলিপি ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, খুলনা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, যশোর (এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ৫। উপপরিচালক, স্থানীয় সরকার, যশোর (এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।